


# যুগান্তর

## যে দল ক্ষমতায় আসে বিশ্ববিদ্যালয় তাদের হয়ে যায়

-মুনতাসীর মামুন

প্রকাশ : ২৫ আগস্ট ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ঢাবি প্রতিনিধি

বাংলাদেশ ইতিহাস সম্মিলনীর সভাপতি অধ্যাপক ড. মুনতাসীর মামুন বলেছেন, যে দল ক্ষমতায় আসে বিশ্ববিদ্যালয় সেই দলের হয়ে যায়। শনিবার বিকালে শাহবাগের জাতীয় জাদুঘরে জাতীয় শোক দিবস উপলক্ষে এক বক্তৃতা অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন।

‘বঙ্গবন্ধু শিক্ষাভাবনা ও তার বাস্তবায়ন’ শীর্ষক একক বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করে বাংলাদেশ ইতিহাস সম্মিলনী। অনুষ্ঠানে নির্ধারিত বিষয়ের ওপর বক্তব্য রাখেন অধ্যাপক ড. মাহবুবুর রহমান। অতিথি ছিলেন অধ্যাপক শামসুজ্জামান খান।

অধ্যাপক ড. মুনতাসীর মামুন বলেন, বিশ্ববিদ্যালয় কিন্তু কুড়ি বছর আগে এই অবস্থায় ছিল না। বিশ্ববিদ্যালয় হচ্ছে যুক্তি-তর্কের জায়গা, বিশ্ববিদ্যালয় এক ছাঁচের হতে পারে না। সেটা হলে শিক্ষক-শিক্ষার্থী ও শিক্ষার মান নিয়ে প্রশ্ন তোলা খুব সঙ্গত। যারা বঙ্গবন্ধুর কথা বলেন, তারা বর্তমান ব্যবস্থায় যদি কোনো নতুনত্ব আনতে চান তাহলে বঙ্গবন্ধু যা বলেছেন সেদিকে ফিরে যাওয়াই হচ্ছে নতুনত্ব।

বঙ্গবন্ধুর শিক্ষায় অবদানের কথা উল্লেখ করে তিনি বলেন, আমরা অনেক সময় শুনেছি, মেয়েদের জন্য অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষা অবৈতনিক খালেদা জিয়ার আমলে হয়েছে। আসলে এটা বঙ্গবন্ধুর আমলে হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।